গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(সংস্থাপন শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৪০০.১১৪.০২.০১০.২৫-৬১২

তারিখ : ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিটের ২৫ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৭.২৫.৬২ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (http://dcnaogaon.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১১০০০ - ২৬৫৯০ (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে;<br>(গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে;<br>(ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেননি মর্মে গণ্য হবে এবং<br>(ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| ০২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২৮ (আটাশ) টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনাসহ স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>(ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেননি মর্মে গণ্য হবে;<br>(ঙ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে এবং<br>(চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| ০৩. | সার্টিফিকেট সহকারী | ০২ (দুই) টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনাসহ স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>(ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেননি মর্মে গণ্য হবে;<br>(ঙ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে এবং<br>(চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |

চলমান পাতা : ০২ (দুই)

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | অফিস সহায়ক | ১৪ (চৌদ্দ) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫. | নিরাপত্তা প্রহরী | ১৮ (আঠারো) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৬. | পরিচ্ছন্নতা কর্মী | ০৩ (তিন) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭. | বেয়ারার (সার্কিট হাউসের জন্য) | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩. জেলা প্রশাসক, নওগাঁ বরাবর আবেদন করতে হবে।

০৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনাপত্তি/অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনাপত্তি/অনুমতিপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৫. **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/সাময়িক সনদপত্র।

গ) পৌরসভার প্রশাসক/মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার প্রশাসক/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনে নিবন্ধনকৃত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঙ) সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদন করলে কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে এবং সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

চ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা উল্লেখ করতে হবে) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ০১. জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>০২. জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>০৩. এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>০৪. জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

ছ) ০১. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
০২. শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং
০৩. তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

জ) প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঝ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন (√) দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল সরকারি চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

চলমান পাতা : ০৩ (তিন)

০৬. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে প্রচলিত আইন অনুসারে ওয়ারিশানপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশানপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং জীবিত না থাকলে ওয়ারিশানপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশানপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেওয়া হবে।

০৭. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সংবলিত সিল থাকতে হবে।

০৮. প্রার্থীর বয়স ১২-১০-২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৯. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সনদ/প্রমাণক যাচাইয়ে তা যথার্থ বলে প্রমাণিত হতে হবে।

১০. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের নিয়োগ কার্যক্রম বিভাগীয় নির্বাচনী বোর্ড, রাজশাহী কর্তৃক সম্পাদিত হবে।

১১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ/ডিএ দেওয়া হবে না।

১২. অসত্য/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. চাকরির আবেদন ফরমে (Applicant's copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

১৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. **<u>অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি:</u>**

ক. আগ্রহী প্রার্থীগণ http://dcnaogaon.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১১-৯-২০২৫; সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ১২-১০-২০২৫ খ্রি:; বিকাল ৫.০০ টা। বর্ণিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান :</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়, বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যেকোনো

teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- টাকা + টেলিটক কর্তৃক সার্ভিস চার্জ (ভ্যাটসহ) বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য) এবং ০৪ হতে ০৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/- টাকা + টেলিটক কর্তৃক সার্ভিস (ভ্যাটসহ) চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট =৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন।

**নিয়মাবলি:**

প্রথম SMS : DCNAOGAON<Space>User ID লিখে 16222 নম্বরে send করতে হবে।

Example: DCNAOGAON<>ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk. ১১২/- (০১ হতে ০৩ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে) ও ৫৬/- (০৪ হতে ০৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে) Will be Charged as application fee, Your PIN is ××××××××. To pay fee Type DCNAOGAON <>YES<>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCNAOGAON<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCNAOGAON YES 123456789 send to 16222.

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCNAOGAON Application for ×××××××××× User ID is (ABCDEF) and Password (××××××××××).

বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online -এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিতে হবে। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। আবেদনকারীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dcnaogaon.teletalk.com.bd, নওগাঁ জেলার ওয়েবসাইট http://www.naogaon.gov.bd -এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. শুধু Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
DCNAOGAON<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
Example: DCNAOGAON Help User ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে:
**DCNAOGAON**<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.
Example: DCNAOGAON Help PIN 12345678 & Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁর www.naogaon.gov.bd ওয়েবসাইটে এবং QR Code স্ক্যান এর মাধ্যমে http://dcnaogaon.teletalk.com.bd এবং বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.naogaon.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: DCNaogaon, Post Name: ………., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন** : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা

পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৯. কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

২০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০৯/২৫

(মোহাম্মদ আব্দুল আউয়াল)
জেলা প্রশাসক
দূরালাপনী : ০২৫৮৮৮২০৪০০ (দপ্তর)
ই-মেইল : dcnaogaon@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৪০০.১১৪.০২.০১০.২৫-৬১২

তারিখ : ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড।
০৪. পুলিশ সুপার, নওগাঁ।
০৫. সিভিল সার্জন, নওগাঁ।
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
০৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
০৯. উপজেলা নির্বাহী অফিসার,................................ (সকল), জেলা : নওগাঁ।
১০. প্রশাসক,........................................(সকল) পৌরসভা, জেলা : নওগাঁ।
১১. সহকারী কমিশনার (ভূমি),................................ (সকল), জেলা : নওগাঁ।
১২. প্রোগ্রামার, তথ্য প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১৩. উপপরিচালক, জেলা তথ্য অফিসারের কার্যালয়, নওগাঁ।
১৪. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নওগাঁ।
১৫. সহকারী পরিচালক, জেলা জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, নওগাঁ।
১৬. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, নওগাঁ।
১৭. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ঢাকা/The Daily Post, ঢাকা। উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৯-৯-২০২৫ খ্রি: তারিখে তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি পত্রিকা ও বিল জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
১৮. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
১৯. অফিস কপি/গার্ড ফাইল/মাস্টার ফাইল।

০৮/০৯/২৫

(মোহাম্মদ আব্দুল আউয়াল)
জেলা প্রশাসক